DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 22 Nov 2026, 06:28 PM

সারাদেশ

কুষ্টিয়ায় শ্যামলি পরিবহনের ধাক্কায় এক নারী নিহত

প্রতিবেদক: কুষ্টিয়া প্রতিনিধি
প্রকাশের তারিখ: বৃহস্পতিবার, ০১ অক্টোবর ২০২৬, ১২:৪৯ PM



কুষ্টিয়ার মিরপুরে শ্যামলী পরিবহনের বাসের ধাক্কায় পাখি ভ্যানের চালক ও এক নারী যাত্রী নিহত হয়েছেন। এ ঘটনায় আরও একজন আহত হয়েছেন।

বৃহস্পতিবার (১ অক্টোবর) সকাল সাড়ে ৯টার দিকে কুষ্টিয়া-মেহেরপুর আঞ্চলিক মহাসড়কের মিরপুর উপজেলার সদরপুর মাদ্রাসার সামনে এ দুর্ঘটনা ঘটে।

নিহতরা হলেন মিরপুর উপজেলার সদরপুর ইউনিয়নের নওদা আজমপুর গ্রামের আব্দুস সাত্তারের ছেলে ভ্যানচালক কামরুল ইসলাম (৪০) এবং কুষ্টিয়া সদর উপজেলার ভাদালিয়া সস্তিপুর এলাকার হাশেম আলীর স্ত্রী ভানুমতি (৫৫)। ভানুমতি নওদা আজমপুর মধ্যপাড়া প্রাথমিক বিদ্যালয়ের পাশে মেয়ের বাড়িতে এসেছিলেন।

স্থানীয় সদরপুর মাদ্রাসার শিক্ষক শেখ মহিউদ্দিন জানান, সকালে কুষ্টিয়া থেকে মেহেরপুরগামী শ্যামলী এস আর পরিবহনের একটি বাস পাখি ভ্যানটিকে ধাক্কা দেয়। এতে ঘটনাস্থলেই এক নারী নিহত হন। গুরুতর আহত দুজনকে হাসপাতালে নেওয়া হলে চিকিৎসাধীন অবস্থায় ভ্যানচালক কামরুল ইসলামের মৃত্যু হয়। তিনি বলেন, ওই এলাকায় প্রায়ই সড়ক দুর্ঘটনা ঘটে। শিক্ষার্থীরা প্রতিদিন ঝুঁকি নিয়ে সড়ক পারাপার হয়। দুর্ঘটনা এড়াতে সেখানে জরুরি ভিত্তিতে একটি স্পিড ব্রেকার প্রয়োজন।

আমলা পুলিশ ক্যাম্পের ইনচার্জ মো. রাকিবুজ্জামান বলেন, শ্যামলী পরিবহনের ধাক্কায় পাখি ভ্যানের এক নারী যাত্রী ঘটনাস্থলেই নিহত হন। গুরুতর আহত দুজনকে হাসপাতালে নেওয়া হলে চিকিৎসাধীন অবস্থায় ভ্যানচালকের মৃত্যু হয়। মিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. শহিদুল ইসলাম দুর্ঘটনার বিষয়টি নিশ্চিত করেছেন। পুলিশ জানিয়েছে, নিহতদের মরদেহ কুষ্টিয়া জেনারেল হাসপাতালের মর্গে রাখা হয়েছে। এ ঘটনায় আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন।

এ বিভাগের আরও খবর



ব্রাহ্মণবাড়িয়ায় ট্রাকের চাপায় অটোরিকশার যাত্রী নিহত
ব্রাহ্মণবাড়িয়ার কুমিল্লা-সিলেট মহাসড়কে ট্রাকের ধাক্কায় অটোরিকশা থেকে ছিটকে পড়ে প্রাণ হারিয়েছেন মো. আরাফাত মোল্লা (১৯) নামের এক যুবক। ট্রাকের...



টানা বৃষ্টিতে বিপর্যস্ত ঝালকাঠির জনজীবন, দুর্ভোগে শ্রমজীবী মানুষ
টানা তিন থেকে চার দিনের বৃষ্টিতে বিপর্যস্ত হয়ে পড়েছে ঝালকাঠি পৌর শহরের স্বাভাবিক জীবনযাত্রা। একটানা বৃষ্টিতে শহরের বিভিন্ন নিচু এলাকা ও সড়কে...



দুপুরের মধ্যে ঢাকাসহ ১২ জেলায় ঝড়-বৃষ্টির পূর্বাভাস

ঢাকাসহ দেশের ১২ জেলায় দুপুর ১টার মধ্যে ঝড়ো হাওয়া ও বজ্রসহ বৃষ্টির আশঙ্কা রয়েছে। এ সময় ঘণ্টায় সর্বোচ্চ ৬০ কিলোমিটার বেগে দমকা হাওয়া বয়ে যেতে...



কসবায় ট্রাকের চাপায় মোটরসাইকেল আরোহী নিহত, আহত ১

ব্রাহ্মণবাড়িয়ার কসবায় ট্রাকের চাপায় মো. আলমগীর (৪৫) নামের এক মোটরসাইকেল আরোহী নিহত হয়েছেন। এ ঘটনায় তাঁর সঙ্গে থাকা আরেক আরোহী মো. সাহাদাৎ গু...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/saradesh/kushtiyay-shjamli-pribhner-dhakkay-ek-nari-niht